

## সমকাল

# নতুন অনুষদের দাবি বাক্তবিতে ফুড সেফটি ম্যানেজমেন্ট শিক্ষার্থীরা আন্দোলনে

৯ ঘণ্টা আগে

### বাক্তবি প্রতিলিখি

ফুড সেফটি নামে নতুন অনুষদ গঠন এবং কোনো ইনসিটিউটের অধীনে ডিপ্রি না দেওয়ার দাবিতে ক্লাস-পরীক্ষা বর্জন করেছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাক্তবি) ফুড সেফটি ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থীরা। মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনের সামনে মানববন্ধন করেন তারা।

এ বছর প্রথমবারের মতো বাক্তবিতে কৃষি অনুষদের অধীনে ফুড সেফটি ম্যানেজমেন্ট ডিপ্রি চালু করা হয়। পরে আলাদা অনুষদ খুলে ফুড সেফটি ম্যানেজমেন্ট শিক্ষার্থীদের ডিপ্রি দেওয়ার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কর্মশালা (ইউজিসি) বরাবর চিঠি দেয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল। এ ব্যাপারে ইউজিসি থেকে অধ্যাপক ড. মো. আখতার হোসেনকে সভাপতি করে একটি কমিটি গঠন করা হয়। ওই কমিটি সার্বিক বিষয় বিবেচনা করে ফুড সেফটির শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ে অবস্থিত ইন্টার ডিসিপ্লিনারি ইনসিটিউট ফর ফুড সিকিউরিটির (আইআইএফএস) অধীনে দেওয়ার সুপারিশ করে। তবে বিশ্ববিদ্যালয়ে ইনসিটিউট থেকে বিএসসি ডিপ্রি দেওয়ার অর্ডিনেশন পাস করা হয়নি। মঙ্গলবার একাডেমিক কাউন্সিলের মিটিংয়ে আইনটি সংশোধন করে ইনসিটিউটের অধীনে দেওয়ার ব্যাপারে আলোচনা করা হয়। শিক্ষার্থীরা বিষয়টি জানতে পেরে অনিদিষ্টকালের জন্য ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণা দেয়। তারা নিজস্ব অনুষদ না হওয়া পর্যন্ত কৃষি অনুষদের অধীনে ডিপ্রি বহাল রাখার দাবি জানান।

বাক্তবি ফুড সেফটি ম্যানেজমেন্ট বিভাগের প্রধান অধ্যাপক ড. আলমগীর হোসেন বলেন, শিক্ষার্থীদের আন্দোলনের কারণে একাডেমিক কাউন্সিলের মিটিংয়ে এজেন্ডাটি স্থগিত রাখা হয়েছে। শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করে এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাণ সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫২৯৯৭ (অনলাইন) | ইমেইল: ad.samakalonline@outlook.com